অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(৪) ধারার বিধান মতে

# নিলাম বিজ্ঞপ্তি

মোকাম অর্থ ঋণ আদালত, নারায়ণগঞ্জ

ডিক্রীজারী মোকদ্দমা নং-৪৬/২০০২

সোনালী ব্যাংক লিঃ নারায়ণগঞ্জ কর্পোরেট শাখা, থানা-নারায়ণগঞ্জ, জেলা-নারায়ণগঞ্জ।

------ডিক্রীদার।

বনাম

১। মোঃ তাজুল ইসলাম, পিতা-হাজী মোঃ মহব্বত আলী,

২। জাকিয়া ইসলাম, পতি-মোঃ তাজুল ইসলাম,

৩। হাজী মোঃ মহব্বত আলী, পিতা-মৃতঃ সাবেদ আলী, সর্ব সাং-৭নং নবাব সলিমুল্লাহ রোড, পোঃ, থানা ও জেলা-নারায়ণগঞ্জ।

-----দাইকগণ।

এতদ্বারা সর্ব সাধারণকে জানানো যাইতেছে যে, ডিক্রীদারের প্রাপ্য ৭৫,০৮,২০৩.০০/-টাকা ৩১/০৮/২৪ খ্রিঃ পর্যন্ত সুদ পাওনা ২,৬৯,১৯,৪১০.৪৯/-টাকা, মামলা, বিজ্ঞপ্তি সহ অন্যন্য খরচ বাবদ আনুমানিক ১৩,৪২৫/-টাকা মোট পাওনা ৩,৪৪,৪১,০৩৮.৪৯/-টাকা সুদ ও খরচাদী আদায়ের নিমিত্তে অর্থ ঋণ আদালত, নারায়ণগঞ্জ এর এজলাসে রক্ষিত নিলামের টেন্ডার বাক্সের মাধ্যমে নিম্ন বর্ণিত শর্তে আগামী ২৬/৬/২৫ ইং তারিখে নিলাম বিক্রয়ের নিমিত্তে সীল মোহরকৃত টেন্ডার বাক্সের মাধ্যমে আহ্বান করা যাইতেছে।

## নিলামের শর্ত

১। প্রত্যেক দরদাতা উর্দ্ধত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/= (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০% উদ্ধৃত দর ১০,০০,০০০/= (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/= (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/= (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে ১০% এর সমপরিমান টাকা জামানত স্বরূপ জজ অর্থ ঋণ আদালত, নারায়ণগঞ্জ এর অনুকূলে ব্যাংক ড্রাফট বা পে- অর্ডারের মাধ্যমে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

২। দরপত্র সরাসরি দরপত্র বাক্সে কিংবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে বেলা ১২.০০ ঘটিকা সময়ের মধ্যে জজ, অর্থ ঋণ আদালত, নারায়ণগঞ্জ বরাবর দাখিল করিতে হইবে।

৩। নিলাম দরপত্রের সহিত নিলাম দরপত্র দাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে।

৪। নিলাম গৃহিত হইবার পর অনুর্ধ্ব ১০,০০,০০০/= (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পর পরবর্তী ৩০ দিবসের মধ্যে ১০,০০,০০০/= (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/= (পঞ্চাশ লক্ষ) টাকা উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/= (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত

হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে দরদাতাকে নিলাম ক্রয়ের সমূদয় মূল্য পরিশোধ করিতে হইবে। ব্যর্থতায় আদালত উক্ত জামানতের টাকা বাজেয়াপ্ত করিবেন।

৫। তফসিলভুক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান, ভূমি উন্নয়ন কর ইত্যাদি সহ অন্য কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব ডিক্রিদার/ব্যাংক এর উপর বর্তাইবে না। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরদাতাকে বহন করিতে হইবে।

৬। উপরে বর্ণিত ক্রমিক নং ৪ এর অধীনে প্রথম দরপত্র দাতার জামানতের টাকা বাজেয়াপ্ত হইলে উহার অর্থ আদালত ডিক্রিদারকে প্রদান পূর্বক ডিক্রিকৃত দাবীর সহিত উক্ত অর্থ সমন্বয় করিবে এবং আদালত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানত একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, আদালত অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ধারা ৩৩(৩) অনুযায়ী দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলামে খরিদ করিতে আহব্বান করিবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা আহুত হইবার পর উক্ত আইনের উপধারা ২(খ) এ নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানত বাজেয়াপ্ত হইবে এবং জামানতের উক্ত অর্থ ডিক্রিদারকে ডিক্রির দাবীর সহিত সমন্বয় করিবার জন্য প্রদান করা হইবে।

৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির গুন, মান, পরিমান ও অবস্থা সম্পর্কে কোন আপত্তি গ্রহণযোগ্য হইবে না।

৮। দরপত্র গৃহীত না হইলে জামানতের টাকা যথা সময়ে ফেরত দেওয়া হইবে।

৯। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।

১০। আইনের বিধানমতে ঋণের বিপরীতে দায়বদ্ধ সম্পত্তির দখল ক্রেতার অনুকূলে সমর্পনের ব্যবস্থা করা হইবে।

১১। দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য কম প্রতীয়মান হইলে আদালত দর প্রস্তাব বাতিল করিতে পারিবেন।

১২। নিলাম ডাকে আগ্রহী ব্যক্তিগণ যাবতীয় তথ্যের জন্য ডিক্রিদার ব্যাংকে যোগাযোগ করিতে পারিবেন।

<u>তফসিল</u>

জেলা ও পৌরসভা-নারায়ণগঞ্জ, থানা-নারায়ণগঞ্জ, মৌজা-খানপুর 'ম'খন্ড, জে.এল নং- সেঃ মেঃ ১৯৪।

| খতিয়ান নং | দাগ নং | রকম | পরিমাণ |
|---|---|---|---|
| সাবেক ৬৬, ৪৫<br>হালে ৪৪৪<br>নামজারী-৫৭৩ | সাবেক ২৭৭, ২৭৮<br>হালে ৩৭৮, ৩৭৯ | বানিজ্যিক ভবন | ০৯ শতাংশ ও তদস্থিত ৬ (ছয়) তলা দালান। |

আদেশক্রমে

সেরেস্তাদার
যুগ্ম জেলা জজ, অর্থ ঋণ আদালত, নারায়ণগঞ্জ।

অর্থঋণ আদালত নারায়ণগঞ্জ

Sonali Bank PLC